

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



বিআরপিডি সার্কুলার নং- ১৩
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

২৭ জুন ২০২১
তারিখঃ -----
১৩ আষাঢ় ১৪২৮

প্রিয় মহোদয়,

খণ্ড শ্রেণিকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ৩১ জানুয়ারি ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৩ এবং ২৪ মার্চ ২০২১ তারিখে
জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২১ এর মাধ্যমে কোভিড-১৯ এর নেতৃত্বাচক প্রভাব মোকাবেলা এবং একইসাথে
ব্যাংকিং খাতে খণ্ড প্রবাহের গতিধারা ধীরে ধীরে স্বাভাবিক করার লক্ষ্যে এই মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল যে, ০১ জানুয়ারি
২০২১ তারিখে অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শিত চলমান, তলবী এবং মেয়াদী প্রকৃতির খণ্ড/বিনিয়োগ পরিশোধ/সমন্বয়ের ক্ষেত্রে
মার্চ/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তি ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে পরিশোধ/সমন্বয় করা হলে উক্ত
সময়ে খণ্ড/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।

০৩। এক্ষণে, কোভিড-১৯ এর সংক্রমণ পুনরায় বৃদ্ধি পাওয়ায় চলমান অর্থনৈতিক কর্মকাণ্ডের গতিশীলতা বজায় রাখা এবং
বেসরকারী খাতে খণ্ড/বিনিয়োগ প্রবাহের গতিধারা স্বাভাবিক রাখার মাধ্যমে কাঁথিত বিনিয়োগ ও কর্মসংস্থান সমূলত রাখার লক্ষ্যে এই
মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, সুত্রোল্লিখিত সার্কুলারসমূহের মাধ্যমে প্রদত্ত সুবিধার আওতায় খণ্ড/বিনিয়োগ পরিশোধের ক্ষেত্রে
জুন/২০২১ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের মোট পরিমাণের ন্যূনতম ২০(বিশ) শতাংশ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ৩১ আগস্ট ২০২১
তারিখের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে খণ্ড/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না। এক্ষেত্রে জুন/২০২১ পর্যন্ত
প্রদেয় কিস্তির অবশিষ্টাংশ সংশ্লিষ্ট সার্কুলার এর নির্দেশনা অনুযায়ী সর্বশেষ কিস্তির সাথে প্রদেয় হবে। এছাড়া অন্যান্য কিস্তি যথাসময়ে
পরিশোধ করতে হবে।

০৪। এতদ্যুতীত উক্ত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২